

## বিন্যাস

বিন্যাসেই সৃষ্টি হয়      ভিন্নতার  
কাঁচকাটা হীরে এবং ভঙ্গুর প্রাফাইটে  
কবিতার চালচিত্রে ও ছোটগল্পে

বিন্যাসেই ভিন্ন হয়      জড় ও জীবন  
প্রাণী এবং উদ্ধিদ  
আকাশচূম্বী হিমালয় বা গহীন গভীর ভারতমাতার  
মহানাগরিক দিন আর সিমলিপালের রাত

যেদিকেই রাখি ঢোখ, তফাত শুধু বিন্যাসে  
হোক সে প্রতিবন্ধী বা সুস্থ সবল

যৌনিক কিংবা অযৌনিক  
সমতল বা মালভূমি

ঘূর্ণমান এই ব্রহ্মান্ডেসৃষ্টি ও বিনাশের  
অভ্যন্তরীন অমানিশা জুড়ে থাকে  
বিন্যাস, কেবলি বিন্যাস

বিন্যাসেই সৃষ্টি হয় ঘাত, অভি কিংবা অপ....

হিমাদ্রিশেখর দত্ত

